হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩০ ঃ মেহেরপুর-বুধবার ১২ নভেম্বন ২০২৫ ইং ঃ ২৭ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২০ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



শ্রেয়া ঘোষালের নান্দনিক কণ্ঠস্বরের প্রশংসায় নোরা -পৃষ্ঠা-৩

## চুয়াডাঙ্গায় শীতের অনুভূতি শুরু, তাপমাত্রা ১৫.৮ ডিগ্রি

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় এরইমধ্যে শুরু হয়েছে শীতের অনুভূতি। গতকাল মঙ্গলবার (১১ নভেম্বর) সকাল ৬টায় জেলার তাপমাত্রা নামে ১৫.৯ ডিগ্রি সেলসিয়াসে। পরে সকাল ৯টায় এ জেলায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়ে ১৫.৮ ডিগ্রি সেলসিয়াস। এসময় বাতাসের আর্দ্রতা ছিল ৮৩ শতাংশ। সকাল থেকেই হিমেল বাতাসে ঠান্ডার প্রভাব স্পষ্টভাবে টের পাওয়া যাচ্ছে। রাস্তাঘাটে বের হওয়া অনেকে শীতবস্ত্র ব্যবহার করছেন।

চুয়াডাঙ্গার আবহাওয়া অফিস জানিয়েছে, দিনের অন্য সময় তাপমাত্রা কিছুটা বাড়লেও রাত ও ভোরে শীতের প্রভাব আরও বাড়তে পারে। চুয়াডাঙ্গা প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের পর্যবেক্ষক তাহমিনা নাসরিন বলেন, আজ সকাল ৯টায় চুয়াডাঙ্গার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। বাতাসের আর্দ্রতা ছিল ৮৩ শতাংশ। আগামী কয়েকদিন রাত ও ভোরের তাপমাত্রা আরও কমতে পারে।

# ধুলাবালি, পচা ডিম, মেয়াদোত্তীর্ণ ঘি-এভাবেই তৈরি হচ্ছে মেহেরপুরের বিস্কুট-কেক!

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের অলিগলি জুড়ে ছড়িয়ে আছে অসংখ্য ছোট-বড় বেকারি। এখান থেকেই প্রতিদিন তৈরি হয়ে বাজারে যাচ্ছে শিশু ও পরিবারের প্রাতঃরাশের অবিচ্ছেদ্য অংশ-বিস্কুট, কেক, পাউরুটি, চানাচুরসহ নানা রকম খাদ্যপণ্য। দেখতে আকর্ষণীয়, রঙিন মোড়কে মোড়ানো এসব পণ্যের ভেতরের বাস্তবতা কিন্তু ভয়াবহ। নোংরা, স্যাঁতসেঁতে ঘর, ধুলাবালিতে ঢাকা ট্রে, মেয়াদোত্তীর্ণ উপকরণ-এভাবেই তৈরি হচ্ছে এইসব খাবার।



গত সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত শহরের বিভিন্ন বেকারি ঘুরে দেখা গেছে, অধিকাংশ স্থানে ন্যূনতম স্বাস্থ্যবিধির বালাই নেই। কোথাও মেঝে ভেজা ও দুর্গন্ধযুক্ত, কোথাও দেয়ালে ছত্রাক। ছারপোকায় আক্রান্ত পুরনো ট্রে ও ছেঁড়া বস্তায় রাখা হচ্ছে ময়দা। কর্মীরা কেউ খালি হাতে ময়দা মাখছেন, কেউ ঘাম ঝরানো অবস্থায় সরাসরি মিশাচ্ছেন ঘি ও ডিম। মুখে নেই মাস্ক, হাতে নেই গ্লাভস। আরও উদ্বেগের বিষয় হলো-অনেক বেকারিতে ব্যবহৃত হচ্ছে মেয়াদোত্তীর্ণ ঘি, নিম্নমানের চিনি ও পচা ডিম। স্থানীয় বাজার থেকেই এসব নিম্নমানের উপকরণ কম দামে কিনে ব্যবহার করা হয় উৎপাদনে। এক বেকারির কর্মচারী নাম প্রকাশ না করার শর্তে বলেন, "গরমে কেক আর বিস্কুট দ্রুত নষ্ট হয়ে যায়। তখন মালিক বলেন-বেচে ফেল, ক্ষতি চলবে না।" স্থানীয় বাসিন্দা সোহেল রানা বলেন, "আমার ছেলেটা প্রায়ই বাজার থেকে বিস্কুট কিনে খায়। দুই দিন আগে খাওয়ার পর পেট ব্যথা করে। পরে বুঝলাম, হয়তো ওসব পণ্য ঠিকভাবে তৈরি হয়নি।" আরেক ভোক্তা হাসিনা বেগম ক্ষোভ প্রকাশ করে বলেন,

"দেখে তো ভালোই লাগে, কিন্তু গন্ধ পেলেই বোঝা যায় পুরনো মাল। অথচ প্রতিদিনই এসব পণ্য দোকানে বিক্রি হচ্ছে।" স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, নোংরা ও স্যাঁতসেঁতে পরিবেশে তৈরি খাবারে দ্রুত ব্যাকটেরিয়া জন্ম নেয়। এসব ব্যাকটেরিয়া শরীরে প্রবেশ করলে হজমজনিত জটিলতা, ডায়রিয়া, চর্মরোগ, এমনকি লিভারের সমস্যাও হতে পারে। চিকিৎসক মো: শাহিন-রি রশিদ বলেন, "অস্বাস্থ্যকর বেকারির পণ্য খাওয়ার কারণে শিশু ও বয়স্কদের হজমের সমস্যা ও ত্বকের রোগ বেড়েছে। আমরা প্রতিদিন এমন অনেক রোগী পাই।" জানা গেছে, মেহেরপুর শহরসহ জেলায় ১৫ টির

২-এর পৃষ্ঠা দেখুন



# ভালোবাসার হাতে শুকনো খাবার ভরে উঠলো শিশুদের মুখে হাসি

আবু রায়হান নিরব

দুপুরের নরম রোদে মেহেরপুর সদর উপজেলার বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের উঠোন যেন আজ অন্যরকম উচ্ছ্বাসে ভরে উঠেছে। সারি সারি ছোট ছোট মুখে হাসি-কারও হাতে বিস্কুট, কারও হাতে চিপস, কেউ আবার চকলেট চিবোতে চিবোতে বন্ধুর কাঁধে হাত রেখেছে। তাদের চোখেমুখে ঝলমল করছে সরল আনন্দ। যেন ছোট্ট এই আয়োজনেই তারা খুঁজে পেয়েছে পৃথিবীর সমস্ত সুখ। গতকাল মঙ্গলবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে বিদ্যালয়টির অসহায় ও বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের মাঝে শুকনো খাবার বিতরণ করা হয়। এই আয়োজন ঘিরে শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক-সবার মধ্যেই আনন্দের স্রোত বয়ে যায়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. মোহাম্মদ আবদুল ছালাম। তিনি বলেন, "প্রতিবন্ধী শিক্ষার্থীরা আমাদের সমাজেরই গুরুত্বপূর্ণ অংশ। তাদের মুখে হাসি ফুটানোই আমাদের প্রকৃত মানবিক দায়িত্ব। প্রশাসন

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে শিক্ষার্থীদের জন্য নতুন কারিগরি ট্রেডের দরজা খুলল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে কারিগরি শিক্ষায় নতুন সম্ভাবনার দ্বার উন্মুক্ত হলো। ফুড এন্ড বেভারেজ, বিউটিফিকেশন, মেশিন শপ প্রাকটিস, কোরিয়ান ল্যাঙ্গুয়েজ ও আন্তর্জাতিক পরীক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে মেহেরপুর কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মিলনায়তনে এসব ট্রেডের উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ

২-এর পৃষ্ঠা দেখুন

## ইজিবাইক ছিনতাই চেষ্টায় চালক আহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ফেরদৌস আলী (৩০) নামের এক ইজিবাইক চালককে চেতনানাশক ওষুধ মেশানো আখের রস খাইয়ে অজ্ঞান করার মাধ্যমে ইজিবাইক ছিনতাইয়ের চেষ্টা করা হয়েছে। দুর্ভাগ্যবশত, দুর্বৃত্তরা ইজিবাইকটি নিতে ব্যর্থ হয়। গতকাল মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ ঘটনা ঘটে। পরে অচেতন অবস্থায় ফেরদৌস আলীকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। তিনি গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া

২-এর পৃষ্ঠা দেখুন



## জীবনের প্রথম উপহার জেলা প্রশাসনের স্নেহ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে গতকাল মঙ্গলবার দুপুরে এক উজ্জ্বল মুহূর্তের সাক্ষী হয় সবাই। সদরের আশরাফপুর গ্রামের সুজন আলীর স্ত্রী বৃষ্টি খাতুন নরমাল ডেলিভারির মাধ্যমে কন্যা সন্তান সাদিয়া খাতুনকে জন্ম দেন। শিশুর জন্মের খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম নির্দেশ দেন, মা ও শিশুর জন্য উপহার সামগ্রী এবং জন্ম নিবন্ধন কার্ড প্রদান করা হোক। সদর

২-এর পৃষ্ঠা দেখুন

## অন্তর্বর্তী সরকারের ভূমিকা নিয়ে সতর্ক করল বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তীকালীন সরকার জুলাই সনদের বাইরে গিয়ে কোনো সিদ্ধান্ত ঘোষণা করলে তা মান্য করার বাধ্যবাধকতা থাকবে না বলে স্পষ্ট জানিয়ে দিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। মঙ্গলবার (১১ নভেম্বর) রাজধানীর গুলশানে চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন এই মন্তব্য করেন। এর আগে সোমবার রাতে দলের জাতীয় স্থায়ী কমিটির বৈঠকের সিদ্ধান্ত

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে 'বাংলা এডিশন' জেলা প্রতিনিধি হলেন সেলিম রেজা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে দেশের জনপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল 'বাংলা এডিশন' প্রথমবারের মতো তিন বিভাগের জেলা প্রতিনিধিদের নিয়ে প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। নতুন ধারার এই প্রতিষ্ঠানটির চেয়ারম্যান সাংবাদিক ইলিয়াস হোসাইন ও সম্পাদক-প্রকাশক মোঃ আল আমিন

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে মনোনয়ন পরিবর্তনের দাবিতে বিএনপির মশাল মিছিল

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপি মনোনিত প্রার্থী পরিবর্তন করে জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়নপত্র দেওয়ার দাবিতে মশাল মিছিল করেছে গাংনী উপজেলা ও পৌর বিএনপি নেতাকর্মীরা। গতকাল মঙ্গলবার (১১ নভেম্বর) সন্ধ্যায় গাংনী উপজেলা ও পৌর বিএনপির কার্যালয় থেকে মিছিলটি শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালুর এবং পৌর

২-এর পৃষ্ঠা দেখুন

## গাজা শান্তি চুক্তির পরবর্তী ধাপ নিয়ে আলোচনা শুরু

সূর্যোদয় প্রতিবেদন

গাজা যুদ্ধবিরতির দ্বিতীয় ধাপের রূপরেখা তৈরিতে আলোচনা শুরু করেছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। এ লক্ষ্যে মার্কিন মধ্যস্থতাকারী জেরেড কুশনার সোমবার জেরুজালেমে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে বৈঠক করেছেন। ওয়াশিংটন বলছে, এই বৈঠকের মূল উদ্দেশ্য-গাজায় অস্থির যুদ্ধবিরতিকে স্থায়ী শান্তি চুক্তিতে রূপ দেওয়া। ইসরায়েলি সরকারের মুখপাত্র শোশ বেদরোসিয়ান জানান, দুই নেতা দ্বিতীয় ধাপের সংবেদনশীল কিছু বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন। তিনি বলেন, "উভয়েই প্রথম ধাপ নিয়ে কথা বলেছেন, যা এখনো

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে জামায়াত প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনে জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান গতকাল মঙ্গলবার (১১ নভেম্বর) বিকেলে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের তারানগর গ্রামে গণসংযোগ করেছেন। বিকেল ৫টার দিকে অনুষ্ঠিত ওই কর্মসূচির আয়োজন করে বাগোয়ান ইউনিয়ন জামায়াতে ইসলামী। এতে সভাপতিত্ব করেন ইউনিয়ন জামায়াতে ইসলামী আমির ফারুক হুসাইন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতে ইসলামী আমির ও প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান।

২-এর পৃষ্ঠা দেখুন

## সশস্ত্র বাহিনীর বিশেষ ম্যাজিস্ট্রেসি ক্ষমতা আরও সাড়ে তিন মাস বাড়ল

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালনের মেয়াদ আরও সাড়ে তিন মাস বাড়িয়েছে অন্তর্বর্তীকালীন সরকার। রাষ্ট্রপতির আদেশক্রমে মঙ্গলবার (১১ নভেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব মোহাম্মদ নূর-ই-আলম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্ত জানানো হয়েছে। নতুন নির্দেশনা অনুযায়ী, চলতি বছরের ১২ নভেম্বর থেকে ২০২৬ সালের ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত এই ক্ষমতা বলবৎ থাকবে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, সেনাবাহিনীর ক্যাপ্টেন ও তদূর্ধ্ব পদমর্যাদার কমিশনপ্রাপ্ত কর্মকর্তা, একইসঙ্গে কোস্টগার্ড ও বিজিবিতে প্রেষণে নিয়োজিত সমপদমর্যাদার কর্মকর্তারাও এই বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রয়োগ করতে পারবেন। তারা ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ধারা ৬৪, ৬৫, ৮৩, ৮৪, ৮৬, ৯৫(২), ১০০, ১০৫, ১০৭, ১০৯, ১১০, ১২৬, ১২৭, ১২৮, ১৩০, ১৩৩ ও ১৪২-এর অধীন অপরাধগুলো আমলে নিয়ে সারা দেশে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়েছে,

২-এর পৃষ্ঠা দেখুন

**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী

✓ প্লাস্টিক সামগ্রী

খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক

- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর: (মাকে প্রতারণা)

নিজের বাবা আছে কোথায়
পড়লো না তোর মনে
পরের বাবাকে বাবা সাজিয়ে
জায়গা জমি নিলি রেষ্টি করে
চিকিৎসা করতে নিলি মাকে
রেস্ট্রি অফিসে গিয়ে
পেনশনের টাকা তুলতে হবে
টিপ দাও এই কাগজে।
ছেলে নামে কলঙ্ক তুই
স্কুল শিক্ষক হয়ে
কি করে তুই পারলি বাচা
দুই নম্বরী কাজ করতে।
এখন কেন পালিয়ে বেড়াস
জাল জালিয়াতির জন্য
জেলের ভাত খেতেই হবে
পথ নেই খোলা আর অন্য।



## মুজিবনগরে বিনামূল্যে বীজ ও সার বিতরণ শুরু

নিজস্ব প্রতিবেদক.মুজিবনগর

রবি মৌসুমে কৃষকদের প্রণোদনা কর্মসূচির আওতায় মুজিবনগর উপজেলায় বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম উদ্বোধন করা হয়েছে। গতকাল মঙ্গলবার (১১ নভেম্বর) সকালে সকাল ১০:৩০ মিনিটে মুজিবনগর উপজেলা কৃষি অফিসের সামনে এ

২-এর পৃষ্ঠা দেখুন

## বিপিএলে ফিরছে নিলাম ব্যবস্থা, এভাবে হবে খেলোয়াড় অধিগ্রহণ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) আবারও চালু হচ্ছে খেলোয়াড় নিলাম ব্যবস্থা। প্রথম দুই আসরে নিলাম হলেও পরবর্তীতে দল গঠন করা হতো প্লেয়ার্স ড্রাফটের মাধ্যমে। এবার ফ্র?্যাঞ্চাইজিগুলো আবার নিলামের মাধ্যমে দল সাজাবে। প্রক্রিয়াটি হবে এমন-নিলামে খেলোয়াড়দের নাম একে একে তোলা হবে, আর যে কোনো ফ্র?্যাঞ্চাইজি আগ্রহী হলে তার জন্য বিড করবে। একাধিক দল আগ্রহ দেখালে বিড চলবে যতক্ষণ না কোনো দল "সোল্ড"

২-এর পৃষ্ঠা দেখুন



## নিহত ৪ ছাত্রীর পরিবারকে আর্থিক অনুদান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার রাজনগর মুসুরি ভাজা বিলের পানিতে ডুবে একই পরিবারের চার ছাত্রীর মর্মান্তিক মৃত্যুর ঘটনায় তাদের পরিবারকে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। মঙ্গলবার দুপুরে বারাদী ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে নিহত ছাত্রীর পরিবারকে ২০ হাজার টাকা

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -

✓ অথেনটিক প্রোডাক্ট

✓ সেরা দাম

✓ নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বুধবার ॥ ২৭ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ১২ নভেম্বর ২০২৫ইং

## গণভোট নিয়ে টালবাহানা করছেন, পালাবেন কোথায়: রেজাউল করীম

সূর্যোদয় প্রতিবেদন

গণভোট আয়োজন নিয়ে টালবাহানা করলে সরকারকে কঠোর কর্মসূচির মুখোমুখি হতে হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম। মঙ্গলবার (১১ নভেম্বর) রাজধানীর পুরানা পল্টনে অনুষ্ঠিত আট দলের যৌথ সমাবেশে তিনি এ হুঁশিয়ারি দেন। সমাবেশে অংশ নেয় জামায়াতে ইসলামীসহ জুলাই সনদ বাস্তবায়ন ও গণভোটের দাবিতে আন্দোলনরত দলগুলো। মুফতি রেজাউল করীম বলেন, "বাংলাদেশে এখন দুই শ্রেণির মানুষ–এক শ্রেণি দেশপ্রেমিক, আরেক শ্রেণি ক্ষমতাপ্রেমী।

## অবৈধ আগ্নেয়াস্ত্রের দৌরাত্ম্য বাড়ছে

সূর্যোদয় প্রতিবেদন

দেশজুড়ে অবৈধ আগ্নেয়াস্ত্রের ব্যবহার বেড়েছে উদ্বেগজনক হারে। রাজনৈতিক সহিংসতা থেকে শুরু করে অরাজনৈতিক খুনোখুনি, চাঁদাবাজি, ডাকাতি ও ছিনতাই–সব ক্ষেত্রেই এখন দেখা যাচ্ছে অস্ত্রের ঝনঝনানি। রাজধানী ঢাকাসহ চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, কুষ্টিয়া, বগুড়া–সব জায়গায়ই বেড়েছে গুলি করে হত্যার ঘটনা। সংশ্লিষ্টরা বলছেন, গণঅভ্যুত্থানকালীন সময়ে লুট হওয়া বিপুল পরিমাণ অস্ত্র এখনো উদ্ধার হয়নি। এ অবস্থায় অনেক অস্ত্র সন্ত্রাসীদের হাতে চলে গেছে, যা দিয়ে সংঘটিত হচ্ছে একের পর এক সহিংস অপরাধ। পুলিশের হিসাব অনুযায়ী, লুট হওয়া ১,৩৪২টি আগ্নেয়াস্ত্র এখনও উদ্ধার করা সম্ভব হয়নি। সর্বশেষ সোমবার পুরান ঢাকায় দিনের আলোয় জনসমক্ষে গুলি করে হত্যা করা হয় তারিক সাইফ মামুনকে, যিনি 'শীর্ষ সন্ত্রাসী' হিসেবেও পরিচিত ছিলেন। চট্টগ্রামেও ঘটছে একের পর এক হত্যাকাণ্ড। গত ৫ নভেম্বর বিএনপি মনোনীত প্রার্থীর নির্বাচনী জনসংযোগে গুলি করে হত্যা করা হয় সারোয়ার হোসেন বাবলাকে। এর আগে রাউজানে, হাটহাজারীতে এবং নগরীর বিভিন্ন স্থানে গুলিতে নিহত হয়েছেন একাধিক রাজনৈতিক কর্মী ও ব্যবসায়ী। গত বছর ৫ আগস্টের পর থেকে চট্টগ্রাম শহর ও জেলায় খুন হয়েছেন ৩৫ জন, এর মধ্যে ২২ জন গুলিতে। খুলনায় গত ১৫ মাসে ৪১টি হত্যাকাণ্ডের মধ্যে ১৫টিতে ব্যবহার হয়েছে আগ্নেয়াস্ত্র। শুধু অক্টোবর মাসেই তিনজনকে গুলি করে হত্যা করা হয়েছে দৌলতপুর, রূপসা ও রেজিস্ট্রি অফিস এলাকায়। বগুড়ায় একই সময়ে ৮৪ জন নিহত হয়েছেন, যার মধ্যে দুটিতে ব্যবহার হয়েছে আগ্নেয়াস্ত্র। রাজশাহী-কুষ্টিয়া অঞ্চলে ত্রাস সৃষ্টি করেছে 'কাকন বাহিনী'। পদ্মা নদীতে স্পিডবোটে ঘুরে ঘুরে তারা চালাচ্ছে এলোপাতাড়ি গুলি। গত ১৩ অক্টোবর পাবনার ঈশ্বরদীতে প্রায় অর্ধশত রাউন্ড গুলি চালায় এই দল। অন্যদিকে খুলনায় দাপিয়ে বেড়াচ্ছে 'হুমা বাহিনী' ও 'মুন্না বাহিনী', যারা প্রকাশ্যে অস্ত্রের মহড়া দিচ্ছে এবং বাড়িঘরে গুলি চালাচ্ছে বলে অভিযোগ রয়েছে। ঢাকায়ও ভয়াবহ চিত্র। ১২ অক্টোবর

৩-এর পৃষ্ঠা দেখুন

## ১৩ নভেম্বর বাকশালপন্থীরা রাস্তায় নামলে মোকাবিলা করা হবে: মামুনুল হক

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হক বলেছেন, আগামী ১৩ নভেম্বর কোনো 'বাকশালপন্থী'কে বাংলার রাজপথে নামতে দেওয়া হবে না। কেউ রাজপথে নামার চেষ্টা করলে কঠোরভাবে মোকাবিলা করা হবে বলে তিনি হুঁশিয়ারি দিয়েছেন। মঙ্গলবার (১১ নভেম্বর) রাজধানীর পল্টন মোড়ে সমমনা আট রাজনৈতিক দলের যৌথ সমাবেশে তিনি এ ঘোষণা দেন। জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে সাংবিধানিক আদেশ জারি, নভেম্বর মাসেই গণভোট আয়োজন এবং নির্বাচনে সবার জন্য সমান সুযোগ নিশ্চিত- এ দাবিতে এই সমাবেশ অনুষ্ঠিত

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## শীতে ফাটা ঠোঁট? ঘরেই বানিয়ে নিন প্রাকৃতিক লিপ বাম

সূর্যোদয় প্রতিবেদন

শীতের আগমন মানেই ঠোঁটের সমস্যার শুরু। শীতল বাতাস ও কম আর্দ্রতা ঠোঁটকে শুকিয়ে ফেলে, ফাটায় এবং জ্বালা শুরু হয়। বাজারে থাকা রাসায়নিকসমৃদ্ধ লিপজেল এড়াতে চাইলে ঘরেই বানাতে পারেন প্রাকৃতিক লিপ বাম, যা ঠোঁটকে রাখবে নরম, মসৃণ ও ফাটারোধী। কীভাবে বানাবেন ঘরোয়া লিপ বাম : ধাপ ১: ছোট একটি পাত্রে সামান্য ঘি গলান। ধাপ ২: এতে মিশান অ্যালোভেরা জেল, ভিটামিন ই তেল এবং আপনার পছন্দের কোনো এসেনশিয়াল অয়েল। ধাপ ৩: মিশ্রণটি ঠান্ডা হয়ে মসৃণ হলে ছোট কৌটোতে সংরক্ষণ করুন। টিপস: এই লিপ বাম ঠোঁটকে ময়েশ্চারাইজ করবে, ফাটা ঠোঁট সারাবে এবং শীতের রুক্ষতা থেকে রক্ষা করবে। বিশেষজ্ঞদের পরামর্শ : বাইরে বের হলে মুখ ঢেকে রাখুন; মাস্ক বা রুমাল ব্যবহার করুন। দিনে চার থেকে পাঁচবার লিপ বাম ব্যবহার করুন। পর্যাপ্ত পানি পান করুন, যাতে শরীর ও ঠোঁট উভয়ই হাইড্রেটেড থাকে। শীতের রুক্ষতায়

৩-এর পৃষ্ঠা দেখুন




## শোলমারীতে ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে শ্যামপুর একাদশ সেমিফাইনালে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারি গ্রামবাসীর উদ্যোগে শোলমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত শোলমারি ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে শ্যামপুর একাদশ সেমিফাইনালে ওঠার গৌরব অর্জন করেছে। গতকাল মঙ্গলবার বিকেলে অনুষ্ঠিত ২য় কোয়ার্টার ফাইনাল খেলায় শ্যামপুর একাদশ টাইব্রেকারে ৪-৩ গোলে চৌগাছা ইয়াংস্টারকে পরাজিত করে। নির্ধারিত সময়ে ম্যাচটি ১-১ গোলে শেষ হওয়ায় টাইব্রেকারে খেলার সিদ্ধান্ত নেওয়া হয়। খেলায় প্রথমার্ধে চৌগাছা ইয়াংস্টার আত্মঘাতী গোলে এগিয়ে গেলে দ্বিতীয়ার্ধে শ্যামপুরের সম্রাট সমতা ফিরিয়ে আনেন। টাইব্রেকারে শ্যামপুরের

৩-এর পৃষ্ঠা দেখুন

## সংবিধানে রাষ্ট্রপতির আদেশ জারির কোনো বিধান নেই সালাহউদ্দিন আহমদ

সূর্যোদয় প্রতিবেদন

সংবিধানে রাষ্ট্রপতির 'আদেশ' জারির কোনো বিধান নেই বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, বর্তমান সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি কেবল অধ্যাদেশ প্রণয়নের ক্ষমতা রাখেন, কিন্তু 'প্রেসিডেন্ট অর্ডার' জারি করার কোনো সাংবিধানিক বিধান এখন আর বিদ্যমান নেই। মঙ্গলবার (১১ নভেম্বর) গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সোমবার রাতে ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সভাপতিত্বে স্থায়ী কমিটির বৈঠকের সিদ্ধান্ত জানাতে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সালাহউদ্দিন আহমদ বলেন, "সংবিধান প্রণীত হওয়ার আগে রাষ্ট্র 'প্রেসিডেন্ট অর্ডার'-এর মাধ্যমে চলতো। কিন্তু

২-এর পৃষ্ঠা দেখুন



## মেয়াদোত্তীর্ণ অক্সিজেন সিলিন্ডার ও পণ্যে জরিমানা

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় অক্সিজেন সিলিন্ডারে রিফিল ও মেয়াদোত্তীর্ণের তারিখ না থাকায় দুইটি প্রতিষ্ঠানকে মোট ৩২ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।গতকাল মঙ্গলবার দুপুরে জেলা শহরের বড়বাজার এলাকায় অভিযান পরিচালনা করেন সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান বলেন, "অক্সিজেন সিলিন্ডারে রিফিল ও মেয়াদোত্তীর্ণের তারিখ না থাকায় শেখ আজিম উদ্দিনের প্রতিষ্ঠান মেসার্স বেঙ্গল গ্যাসকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া পণ্যে উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখসহ উৎপাদনকারীর তথ্য না থাকার কারণে মো. ফারুক হোসেনের মেসার্স মিঠুন স্টোরকে ২ হাজার টাকা জরিমানা করা হয়েছে।চ অভিযানকালে বড়বাজারের

৩-এর পৃষ্ঠা দেখুন

## সিলেট টেস্টে প্রথম দিনে আয়ারল্যান্ডের সংগ্রহ ৮ উইকেটে ২৭০

সূর্যোদয় প্রতিবেদন

সিলেটে বাংলাদেশের শিবিরে খুশির খবর। মঙ্গলবার (১১ নভেম্বর) নির্ধারিত ৯০ ওভারের খেলা শেষে আয়ারল্যান্ড ৮ উইকেটে ২৭০ রান সংগ্রহ করে দিনের খেলা শেষ করে। প্রথম দিনে সফরকারীদের পুরোপুরি অলআউট করতে পারেনি টাইগাররা। টস জিতে আগে ব্যাট করার সিদ্ধান্ত নেন আয়ারল্যান্ড। শুরুটা তাদের ভালো হয়নি; ওপেনার অ্যান্ড্রে বালবার্নি হাসান মাহমুদের করা চতুর্থ বলেই প্যাভিলিয়নে ফেরেন। তবে পল স্টার্লিং ও কেড কারমাইকেল দীর্ঘ প্রতিরোধ গড়ে আয়ারল্যান্ডকে কিছুটা স্থিতিশীলতা দেন। মধ্যাহ্ন বিরতির আগে ১ উইকেটে ৯৪ রান তুলেছিল সফরকারীরা। বিরতির পর বাংলাদেশি বোলার-রা আঘাত শুরু করেন; নাহিদ রানা ও মেহেদি হাসান মিরাজ দুই ওভারে দুটি গুরুত্বপূর্ণ

২-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় ৬ ব্যবসায়ীর জরিমানা

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

কুষ্টিয়ায় চিংড়িতে জেলি মিশিয়ে বিক্রির দায়ে দুই আড়ৎ ও চার খুচরা মাছ ব্যবসায়ীকে এক লাখ ছয় হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা সংরক্ষণ অধিদফতর। গতকাল মঙ্গলবার (১১ নভেম্বর) সকালে কুষ্টিয়া পৌর বাজারে অভিযান পরিচালনা করেন অধিদফতরের সহকারী পরিচালক মাসুম আলী। তিনি জানান, নিয়মিত বাজার পরিদর্শনে গিয়ে দেখা গেছে, কিছু ব্যবসায়ী চিংড়ির ওজন বাড়ানোর জন্য মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর জেলি ব্যবহার করছেন। অভিযানে মেসার্স মকুল মৎস্য ভান্ডার ও মেসার্স খোশবার হোসেন মৎস্য ভান্ডার–দুই আড়ৎদারকে প্রতি জন ৫০ হাজার টাকা করে মোট এক লাখ টাকা জরিমানা করা হয়। এছাড়া খুচরা বিক্রেতা পাতু মাছের দোকান, রাজু মাছের দোকান ও মনোয়ার মাছের দোকানকে প্রতি জন দুই হাজার টাকা করে মোট ছয় হাজার টাকা জরিমানা করা হয়। কুষ্টিয়া সদর

২-এর পৃষ্ঠা দেখুন



## দুঃস্থ, প্রতিবন্ধী ও বিধবাদের ভাতা আত্মীয়র নামে উত্তোলন

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

দৌলতপুর উপজেলার ১১নং আদাবাড়ীয়া ইউনিয়নের ধর্মদহ গ্রামের ৯নং ওয়ার্ড সদস্য আমজাদ হোসেনের বিরুদ্ধে দেড় বছর ধরে দুঃস্থ, অসহায়, প্রতিবন্ধী ও বিধবাদের ভাতার টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। স্থানীয়রা অভিযোগ করেছেন, ভুক্তভোগীদের মোবাইল নম্বর পরিবর্তন করে ভাতা অন্য আত্মীয়দের নামে উত্তোলন করা হয়েছে।

৩-এর পৃষ্ঠা দেখুন

## নিখোঁজ চিকিৎসকের দিকে সন্দেহের তির পুলিশের

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের রাজধানী নয়াদিল্লির ঐতিহাসিক লালকেল্লার সামনে গাড়ি বিস্ফোরণের ঘটনায় এক চিকিৎসকের সংশ্লিষ্টতার বিষয়ে সন্দেহ করছে পুলিশ। ঘটনার কয়েকদিন আগে হরিয়ানা ও উত্তর প্রদেশ থেকে বিস্ফোরকসহ দুজন চিকিৎসককে গ্রেপ্তার করা হলেও, ধারণা করা হচ্ছে–নিখোঁজ আরেক চিকিৎসকই ওই হামলার মূল পরিকল্পনাকারী ও হামলাকারী। পুলিশের সূত্রে জানা গেছে, ওই চিকিৎসক লালকেল্লার সামনে বিস্ফোরিত গাড়িতে উপস্থিত ছিলেন বলে ধারণা করছে তদন্তকারী সংস্থাগুলো।

৩-এর পৃষ্ঠা দেখুন



## গণভোট না হলে সংবিধান অনুযায়ী নির্বাচন ২০২৯ সালে: হামিদুর রহমান আযাদ

সূর্যোদয় প্রতিবেদন

জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেছেন, গণভোট ছাড়া জাতীয় নির্বাচন আয়োজন করা সংবিধানবিরোধী হবে। তিনি দাবি করেন, সংবিধান অনুযায়ী গণভোট না হলে পরবর্তী জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে কেবল ২০২৯ সালে। মঙ্গলবার (১১ নভেম্বর) বিকেলে রাজধানীর পল্টন

৩-এর পৃষ্ঠা দেখুন

## ইসলামাবাদে আত্মঘাতী বোমা হামলা, নিহত ১২

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের রাজধানী নয়াদিল্লির ঐতিহাসিক লালকেল্লায় গাড়িবোমা বিস্ফোরণের কয়েক ঘণ্টা পরই পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে আত্মঘাতী বোমা হামলা হয়েছে। মঙ্গলবার (১১ নভেম্বর) স্থানীয় সময় দুপুর সাড়ে ১২টার দিকে শহরের জেলা আদালতের পাশে এই বিস্ফোরণে অন্তত ১২ জন নিহত ও ২৭ জন আহত হয়েছেন। দেশটির শীর্ষ সংবাদমাধ্যম ডন জানায়, ঘটনাস্থলে ভয়াবহ ধ্বংসযজ্ঞের সৃষ্টি হয়েছে। হামলার সময় ইসলামাবাদে একটি আন্তর্জাতিক সম্মেলন চলছিল এবং পাশের শহর রাওয়ালপিন্ডিতে পাকিস্তান-শ্রীলঙ্কা প্রথম ওয়ানডে ম্যাচ

৩-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## আইফোন ১৮ প্রো: নতুন যুগের প্রযুক্তিতে অ্যাপলের দাপট

সূর্যোদয় প্রতিবেদন

আইফোন ১৮ প্রো সিরিজের বাজারজাতকরণ এখনও এক বছরেরও বেশি দূরে, কিন্তু প্রযুক্তি জগত ইতিমধ্যেই উত্তেজনায় ফেটে পড়েছে। ফাঁস হওয়া তথ্য অনুযায়ী, অ্যাপল এবার তাদের পরবর্তী প্রজন্মের আইফোনে আনছে একাধিক যুগান্তকারী পরিবর্তন। ভারতীয় সংবাদমাধ্যম টাইমস অব ইন্ডিয়া জানাচ্ছে, নতুন আইফোন ১৮ প্রোতে থাকবে উন্নত ক্যামেরা সিস্টেম, আরও নিখুঁত ডিসপ্লে ডিজাইন এবং অ্যাপলের নিজস্ব প্রথম মডেম চিপ। বাহ্যিক নকশায় বড় পরিবর্তন না এলেও অভ্যন্তরীণ হার্ডওয়্যার ও সফটওয়্যারের দিক থেকে এটি হতে পারে অ্যাপলের ইতিহাসে সবচেয়ে শক্তিশালী আইফোন। আইফোন ১৮ প্রোর নকশা



মূলত আইফোন ১৭ প্রোর সঙ্গে মিল থাকবে। তবে থাকবে আংশিক স্বচ্ছ ম্যাগসেফ ব্যাক প্যানেল, আরও সরু ডায়নামিক আইল্যান্ড এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত আন্ডার-

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ই.সি.জি (কম্পিউটারাইজড) এক্স-রে আল্ট্রাসনোগ্রাফি হরমন এনালাইসিস সকল প্রকার প্যাথলজি পরীক্ষা মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ) আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে
কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বুধবার, ১২ নভেম্বর ২০২৫ ইং

## শিক্ষকের এমন প্রতারণা সমাজের জন্য অশুভ বার্তা

শিক্ষক সমাজের অন্যতম শ্রদ্ধেয় ও নৈতিকতার প্রতীক হিসেবে বিবেচিত হন। তাঁর কাছ থেকে শিক্ষার্থীরা যেমন জ্ঞান অর্জন করে, তেমনি শেখে সততা, ন্যায়বোধ ও মানবিকতা। কিন্তু যখন একজন শিক্ষক নিজ মাকেও প্রতারণার ফাঁদে ফেলে সম্পত্তি আত্মসাৎ করেন, তখন বিষয়টি কেবল পারিবারিক নয়–এটি পুরো সমাজের নৈতিক অবস্থাকেও প্রশ্নবিদ্ধ করে। মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের হাতিভাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মো. আলমগীর হোসেনের বিরুদ্ধে ওঠা অভিযোগ–তিনি অসুস্থ মাকে হাসপাতালে নেওয়ার কথা বলে রেজিস্ট্রি অফিসে নিয়ে গিয়ে জোরপূর্বক দলিলে টিপসই নেন–শুধু একটি আইনি অপরাধ নয়, এটি এক ভয়াবহ নৈতিক অধঃপতনের উদাহরণ। অভিযোগ অনুযায়ী, তিনি মায়ের এক কোটি টাকার সম্পত্তি নিজের দুই ছেলের নামে লিখে নিয়েছেন এবং বর্তমানে মামলায় হাজিরা না দিয়ে পলাতক রয়েছেন।একজন শিক্ষক যখন আইন, ন্যায় ও মানবতার পরিপন্থী কাজে জড়িত হন, তখন তার প্রভাব শিক্ষার্থীদের ওপরও পড়তে বাধ্য। বিদ্যালয়ে তাঁর অনুপস্থিতিতে শিক্ষার্থীদের পড়াশোনা ব্যাহত হওয়াও উদ্বেগের বিষয়। সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে হলে, বিশেষ করে যারা শিশুদের গঠনমূলক শিক্ষা দেন, তাদের আচরণ হতে হবে আদর্শনির্ভর ও স্বচ্ছ। এ ধরনের ঘটনায় শিক্ষা বিভাগ এবং স্থানীয় প্রশাসনের দ্রুত ও নিরপেক্ষ তদন্ত জরুরি। অভিযুক্ত শিক্ষক দোষী প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে, যাতে অন্যরা শিক্ষা পায়। একই সঙ্গে সমাজকেও সচেতন হতে হবে–নৈতিক অবক্ষয়ের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলাই এখন সময়ের দাবি।

## ভালোবাসার হাতে শুকনো খাবার

(প্রথম পৃষ্টার পর)

সবসময় তাদের পাশে থাকবে।” অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রিতম শীল, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) স্থানীয় সরকারসহ শিক্ষক, অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। সভাপতির বক্তব্যে ইউএনও মো. খায়রুল ইসলাম বলেন, “উপজেলা প্রশাসন সবসময় সমাজের পিছিয়ে পড়া ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের উন্নয়নে কাজ করছে। এ ধরনের উদ্যোগ তাদের আত্মবিশ্বাস বাড়াতে সহায়তা করবে।” বিদ্যালয়ের এক শিক্ষার্থী রিফাতের মা চোখ মুছে বললেন, “আমার সন্তান এখানে এসে হাসে, খেলে, শিখে–আজ খাবার পেয়ে আরও খুশি হয়েছে। ওর এই হাসিটাই আমার কাছে পৃথিবীর সবকিছু।” দিনের শেষ প্রহরে বিদ্যালয়ের উঠোনজুড়ে যখন শিশুদের হাসির ধ্বনি ভেসে আসে, তখন মনে হয়–মানবতার সবচেয়ে সুন্দর রূপ এটাই। একটু যত্ন, একটু ভালোবাসা, আরেকটু সহানুভূতিই পারে বিশেষ শিশুদের জীবনে আলো ছড়িয়ে দিতে। অনুষ্ঠান শেষে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয়ের মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ড. মোহাম্মদ আবদুল ছালাম। আলোচনা সভায় উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. আবু সাঈদ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তরিকুল ইসলাম, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খাইরুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুপালি খাতুন প্রমুখ। সভায় বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম, শিক্ষার্থীদের উন্নয়ন ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়।

## ধুলাবালি, পচা ডিম, মেয়াদোত্তীর্ণ

(প্রথম পৃষ্টার পর)

বেশি বেকারি রয়েছে। এর মধ্যে বেশিরভাগেরই কোনো প্রকার অনুমোদন বা লাইসেন্স নেই। তবুও বছরের পর বছর তারা পণ্য উৎপাদন ও বাজারজাত করে যাচ্ছে কোনো বাধা ছাড়াই। স্থানীয় সূত্রে জানা যায়, কিছু বেকারি মালিক নিয়মিত ‘প্রভাবশালী মহলকে’ খুশি রাখেন বলে তদারকি কর্মকর্তারা অনেক সময় অভিযানে যান না। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, অনুমোদনবিহীন ও অস্বাস্থ্যকর বেকারির বিরুদ্ধে দ্রুত অভিযান পরিচালনা করা হবে। মেহেরপুর স্যানিটারি ইন্সপেক্টর তরিকুল ইসলাম বলেন, “বিষয়টি আমাদের নজরে এসেছে। জনগণের স্বাস্থ্যের প্রশ্নে কোনো ছাড় দেওয়া হবে না। দ্রুতই মেহেরপুর শহরের সব বেকারিতে অভিযান পরিচালনা করা হবে।” খাদ্য নিরাপত্তা আইন অনুযায়ী, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য উৎপাদন বা বিপণনের দায়ে সর্বোচ্চ দুই বছর কারাদণ্ড ও অর্থদণ্ডের বিধান রয়েছে। তাছাড়া অপরাধের পুনরাবৃত্তি ঘটলে দণ্ড দ্বিগুণ হতে পারে। এখন প্রশ্ন হলো–আইনের কাগুজে ধারা আর আশ্বাসের আশায় কতদিন মেহেরপুরবাসী এমন ঝুঁকিপূর্ণ খাবারের ওপর নির্ভর করে যাবে? নিয়মিত মনিটরিং, জনসচেতনতা ও কঠোর আইন প্রয়োগ ছাড়া এই বিপজ্জনক খাদ্যচক্র থেকে মুক্তি পাওয়া কতটা সম্ভব?

## মেহেরপুরে শিক্ষার্থীদের জন্য নতুন

(প্রথম পৃষ্টার পর)

আবদুল ছালাম। তিনি প্রশিক্ষণার্থীদের উদ্দেশে বলেন, “কারিগরি শিক্ষা শুধু দক্ষতা বৃদ্ধি নয়, এটি দেশ ও বিশ্বের সঙ্গে প্রতিযোগিতার ক্ষেত্রও তৈরি করে।” অনুষ্ঠানের সভাপতিত্ব করেন অধ্যক্ষ প্রকৌশলী ড. শামীম হোসেন। উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের বিভিন্ন ট্রেডের শিক্ষকরা। নতুন ট্রেড গুলোর মধ্যে রয়েছে- ফুড এন্ড বেভারেজ (৩ মাস): ২৪ জন প্রশিক্ষনার্থী, বিউটিফিকেশন (৩ মাস): ২৪ জন প্রশিক্ষনার্থী, মেশিন শপ প্রাকটিস (এনএইচআরভিএফ, ৩ মাস) ২৪ জন প্রশিক্ষনার্থী, কোরিয়ান ল্যাঙ্গুয়েজ (৪ মাস): ২৪ জন

প্রতিষ্ঠান সূত্রে জানা যায়, নতুন ট্রেড ও পরীক্ষা কেন্দ্র শিক্ষার্থীদের কারিগরি দক্ষতা বৃদ্ধির পাশাপাশি আন্তর্জাতিক মানের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করবে।

## ইজিবাইক ছিনতাই চেষ্টায় চালক

(প্রথম পৃষ্টার পর)

গ্রামের রবকুল মেম্বারের ছেলে।স্থানীয় সূত্রে জানা গেছে, ফেরদৌস আলী জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে তার ইজিবাইক নিয়ে অপেক্ষা করছিলেন। তখন কয়েকজন ব্যক্তি যাত্রী সেজে তার সঙ্গে আলাপ শুরু করে এবং একপর্যায়ে তাকে আখের রস পান করায়। রসে চেতনানাশক ওষুধ মেশানো ছিল বলে ধারণা করা হচ্ছে। রস পান করার পর অসুস্থ বোধ করলে ফেরদৌস আলী কোর্ট এলাকার একটি চায়ের দোকানে গিয়ে বসেন এবং দোকানদারকে ঘটনাটি জানান। সতর্কতার অংশ হিসেবে তিনি ইজিবাইকের চাবি দোকানদারের কাছে দিয়ে রাখেন। বিষয়টি টের পেয়ে দুর্বৃত্তরা দ্রুত স্থান ত্যাগ করে। পরে তার পরিবার খবর পেয়ে তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।

## জীবনের প্রথম উপহার জেলা

(প্রথম পৃষ্টার পর)

উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম সরাসরি উপস্থিত থেকে বৃষ্টি খাতুনের হাতে তুলে দেন ফুল , শুভেচ্ছার উপহার ও জন্ম নিবন্ধন কাড। নবজাতক সাদিয়ার ছোট্ট হাতের স্পর্শ যেন আনন্দের বার্তা ছড়িয়ে দেয়। মা-বাবার মুখে ভেসে ওঠে হাসি, আর চারপাশে ছড়িয়ে পড়ে উৎসবের আমেজ। মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রুমানা হেলালি জুশি বলেন, “এ ধরনের উদ্যোগ মায়েদের আত্মবিশ্বাস বাড়ায়। নবজাতককে স্বাগত জানানো মানেই সমাজের ভালোবাসা ও সহমর্মিতা ছড়িয়ে দেওয়া।

## গাংনীতে মনোনয়ন পরিবর্তনের

(প্রথম পৃষ্টার পর)

বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলার নেতৃত্বে অনুষ্ঠিত এ মিছিলে নেতা-কর্মীরা স্লোগান দেন “অবৈধ মনোনয়ন মানি না, মানবো না”, “অপ্রত্যাশিত মনোনয়ন বাতিল চাই”, “মিল্টন ভাইয়ের মনোনয়ন চাই”। মশাল মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা বলেন, মেহেরপুর জেলার অন্যতম ত্যাগী ও জনপ্রিয় নেতা জাভেদ মাসুদ মিল্টন। তাই দলের স্বার্থে তাঁকেই মনোনয়ন দিতে হবে। জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন না দিলে এই আসনটি হারাতে পারে বিএনপি। এসময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক অ্যাডাম সুমন, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, কাথুলী ইউনিয়ন বিএনপির সভাপতি ফেরদৌস ওয়াহেদ বেল্টু, ষোলটাকা ইউনিয়ন বিএনপির সভাপতি কামরুল ইসলাম, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মনিসহ জেলা, উপজেলা, পৌর বিএনপি ও বিভিন্ন ইউনিয়ন বিএনপি এবং অঙ্গসহযোগী সংগঠনের অসংখ্য নেতাকর্মী।

## প্রযুক্তির স্পর্শে স্বাস্থ্য সেবার নবযুগ

লাবীবা আরজুমান্দ



ডিজিটাল হাসপাতাল এবং টেলিহেলথ বাংলাদেশের স্বাস্থ্যসেবাকে রূপান্তর করে চলেছে নতুনভাবে। ডাক্তার, ওষুধ এবং চিকিৎসা পরামর্শ এখন এমনভাবে পৌঁছে যাচ্ছে, যা আগে কল্পনাও করা যেত না। টেলিমেডিসিন হটলাইন থেকে কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক হাসপাতাল সিস্টেম, স্বাস্থ্যসেবা প্রদানের পদ্ধতিকে করে তুলছে আরও সহজ, কার্যকর এবং রোগী-কেন্দ্রিক। গ্রামীণ অঞ্চলে যেখানে প্রায় ৭০ শতাংশ মানুষ বসবাস করে, সেখানে টেলিমেডিসিন যেন এক লাইফলাইন। যারা আগে দীর্ঘ সময় ভ্রমণ করতেন মাত্র কয়েক মিনিট ডাক্তার দেখানোর জন্য, তারা এখন মুহূর্তেই লাইসেন্সধারী চিকিৎসকের সঙ্গে পরামর্শ করতে পারেন। দীর্ঘমেয়াদি রোগে আক্রান্ত রোগীরা ভিডিও কল বা ফোনের মাধ্যমে নিয়মিত ফলোআপ করতে পারেন, যা সময় ও খরচ দুটোই বাঁচায়। সরকারি উদ্যোগগুলো এক্ষেত্রে রেখেছে? গুরুত্বপূর্ণ ভূমিকা। জেলা ও উপজেলা হাসপাতাল জুড়ে মোবাইলভিত্তিক স্বাস্থ্যসেবা এবং ২৪/৭ হেল্পলাইন লাখ লাখ মানুষকে সংযুক্ত করে ডাক্তারদের সঙ্গে। পাশাপাশি, বেসরকারি উদ্ভাবনকারীরাও এমন সেবা দিচ্ছেন যা স্মার্টফোন ছাড়াও রোগীকে ডাক্তারদের সঙ্গে সংযুক্ত করতে পারে। তবে শুধু রোগী-ডাক্তার সংযোগ নয়, হাসপাতালগুলোও বদলে যাচ্ছে। হাসপাতাল ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রশাসনিক কাজগুলো করছে স্বয়ংক্রিয়ভাবে। ফলে রোগী নিবন্ধন, অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ, বিলিং, ফার্মেসি ইনভেন্টরি–সব এখন দ্রুত এবং স্বচ্ছ। ডাক্তাররা রোগীর ইতিহাস ও পরীক্ষার ফলাফল মুহূর্তেই দেখতে পারেন। এছাড়া কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে রোগপ্রবণতা চিহ্নিতকরণ এবং তার পূর্বাভাস করাও সম্ভব। অপরদিকে তরুণ স্বাস্থ্য-টেক স্টার্টআপগুলো স্বাস্থ্যসেবা পৌঁছে দিচ্ছে সরাসরি মানুষের ঘরে ঘরে। বাড়িতে নমুনা সংগ্রহ, অনলাইন কনসাল্টেশন বা গ্রামীণ রোগীকে শহরের ডাক্তারদের সঙ্গে সংযুক্ত করা–সবই তারা করছে। অনলাইন ফার্মেসি ও ডেলিভারির মাধ্যমে ওষুধ পৌঁছে যাচ্ছে, ফলে প্রত্যন্ত এলাকার মানুষও এখন সময়মতো চিকিৎসা পেতে পারছে।

তবে অগ্রগতির এই পথ মসৃণ নয়। অনেক গ্রামীণ অঞ্চলে এখনও দুর্বল ইন্টারনেট ও অনিয়মিত বিদ্যুৎ সরবরাহ ধারাবাহিক টেলিহেলথ সেবা প্রাপ্তিতে বাধার সৃষ্টি করে। অনেক বৃদ্ধ বা কম প্রযুক্তি-সচেতন মানুষ অনলাইনে সেবা ব্যবহার করতে দ্বিধা বোধ করেন। ডেটা প্রাইভেসি ও সাইবারসিকিউরিটি নিয়েও রয়েছে উদ্বেগ। অন্যদিকে আর্থিক সীমাবদ্ধতা এবং অভ্যস্ততার কারণে অনেক স্বাস্থ্যকর্মীও নতুন সিস্টেমে চ্যালেঞ্জের মুখোমুখি হয়ে থাকেন।

তারপরও পরিবর্তনের গতি কম নয়। ডিজিটাল স্বাস্থ্যসেবা বর্তমানে এমন একটি যুগের সূচনা করছে, যেখানে চিকিৎসা, দূরত্ব নির্বিশেষে সকলের জন্য সহজলভ্য। হাসপাতাল শুধু এখন ভবন নয়; এটি মানুষ, প্রযুক্তি এবং সংযোগের একটি জীবন্ত নেটওয়ার্ক।

(বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# যে নফল নামাজে রয়েছে অনন্য পুরস্কার

মাহমুদ হাসান ফাহিম

ফরজের পাশাপাশি নফল নামাজের গুরুত্ব অপরিসীম। কর্তব্যের অতিরিক্ত বা বাধ্যতামূলক নয়, এমন নামাজ ইসলামের দৃষ্টিতে নফল হিসেবে পরিচিত। নফল হলো ফরজের ঘাটতি পূরণ। কেয়ামতের দিন অল্প সময়ের নফল আমলও হতে পারে নাজাতের মাধ্যম। নবী করিম (সা.) বলেন, কিয়ামতের দিন বান্দার সর্বপ্রথম হিসাব নেওয়া হবে তার নামাজের। যদি তার নামাজের হিসাব সঠিক হয় তাহলে সে সফলকাম হবে এবং নাজাত পাবে। আর যদি নামাজ নষ্ট হয়ে যায় তাহলে সে বিফল ও ক্ষতিগ্রস্ত হবে। যদি ফরজ নামাজে কিছু কমতি হয়, তাহলে আল্লাহ বলবেন, দেখো, আমার বান্দার কোনো নফল ইবাদত রয়েছে কি না? তখন নফল দিয়ে ফরজের ঘাটতি পূরণ করা হবে। এরপর এভাবে অন্য সব ফরজ আমলের ত্রুটি নফলের মাধ্যমে দূর করা হবে। নফল নামাজের মধ্য চাশতের নামাজ খুব ফজিলত পূর্ণ। এই নফল নামাজ দ্বিপ্রহরের আগপর্যন্ত আদায় করা যায়। চাশতের নামাজ সাধারণত ৪ রাকাত। তবে বেশিও আদায় করা যায়। আয়েশা (রা.) বর্ণনা করেন, রাসুলুল্লাহ (সা.) চাশতের নামাজ ৪ রাকাত আদায় করতেন। আল্লাহ চাইলে কখনো কখনো বেশিও পড়তেন। আবু জর গিফারী (রা.)-কে নবী (সা.) একবার বলেন, ‘যদি তুমি চাশতের নামাজ ২ রাকাত পড়, তাহলে তোমাকে গাফেলদের মধ্যে গণ্য করা হবে না। যদি ৪ রাকাত পড়, তাহলে তোমাকে নেককারদের মধ্যে গণ্য করা হবে।

যদি তুমি ৬ রাকাত পড়, তাহলে তোমাকে আনুগত্যকারীদের অন্তর্ভুক্ত করা হবে। যদি তুমি ৮ রাকাত পড়, তাহলে তোমাকে সফলকাম ব্যক্তিদের তালিকায় লেখা হবে।

যদি ১০ রাকাত পড়, তাহলে সেদিন তোমার আমলনামায় কোনো গুনাহ লেখা হবে না। আর যদি ১২ রাকাত পড়, তাহলে জান্নাতে তোমার জন্য একটি ঘর নির্মাণ করা হবে।’

## গাজা শান্তি চুক্তির পরবর্তী ধাপ নিয়ে

(প্রথম পৃষ্টার পর)

কার্যকর আছে। আমরা কীভাবে বাকি বন্দীদের মুক্তি নিশ্চিত করতে পারি, সেই বিষয়টিই আলোচনার প্রধান কেন্দ্রবিন্দু ছিল।” বেদরোসিয়ান আরও বলেন, “দ্বিতীয় ধাপে হামাসকে নিরস্ত্রীকরণ, গাজাকে সামরিকভাবে নিষ্ক্রিয় করা এবং নিশ্চিত করা যে ভবিষ্যতে হামাস সেখানে কোনো রাজনৈতিক বা সামরিক ভূমিকা রাখতে না পারে– এসব বিষয়ে উভয়পক্ষ ঐকমত্যের চেষ্টা করছে।” বেদরোসিয়ান জানান, আলোচনায় ‘আন্তর্জাতিক স্থিতিশীলতা বাহিনী’ গঠনের প্রস্তাবও তোলা হয়েছে। এই বাহিনী গাজায় শান্তি রক্ষা ও পুনর্গঠন কার্যক্রম তদারকিতে ভূমিকা রাখতে পারে বলে ধারণা করা হচ্ছে। তিনি বলেন, “এর বিস্তারিত এখনো প্রাথমিক পর্যায়ে রয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল একসঙ্গে কাজ করে এই কাঠামো চূড়ান্ত করবে।” বৈঠক শেষে নেতানিয়াহু বলেন, “ইসরায়েল গাজার পাশাপাশি লেবাননের সঙ্গে থাকা যুদ্ধবিরতিকেও শক্ত হাতে কার্যকর করবে। আমাদের নিরাপত্তা অগ্রাধিকার পাবে– শান্তির মূল্যেও।” তিনি আরও জানান, গাজা থেকে বন্দী মুক্তি ও মানবিক সহায়তা অব্যাহত থাকবে, তবে হামাসের অস্ত্রধারণের সুযোগ থাকবে না। যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় দ্বিতীয় ধাপের শান্তি রূপরেখা গঠনের মাধ্যমে গাজায় স্থায়ী যুদ্ধবিরতি প্রতিষ্ঠার প্রচেষ্টা জোরদার হয়েছে। এই আলোচনার সফলতা নির্ভর করছে– হামাসকে নিরস্ত্রীকরণ ও আন্তর্জাতিক পর্যবেক্ষণ ব্যবস্থার বাস্তবায়ন কতটা সম্ভব হয় তার ওপর।

## নিহত ৪ ছাত্রীর পরিবারকে আর্থিক

(প্রথম পৃষ্টার পর)

অনুদান প্রদান করা হয়। অনুদান প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বারাদি ইউনিয়ন পরিষদের প্রশাসক ও সদর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রকিবুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা আজিম উদ্দিন, ইউপি সদস্য জাহাঙ্গীর আহসান, কামরুজ্জামান মুকুল, সফি মীর ও শাহিনা খাতুন। গত রবিবার দুপুরে পদ্মফুল তুলতে গিয়ে মুসুরি ভাজা বিলে রাজনগর গ্রামের আব্দুস সামাদের মেয়ে ফাতেমা ও আফিয়া এবং সাহ-ারুলের মেয়ে আলেয়া ও ইছার মেয়ে মিম পানিতে ডুবে মারা যান। ফাতেমা ও মিম মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৮ম শ্রেণীর ছাত্রী। আফিয়া ও আলেয়া রাজনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর ছাত্রী।

## বিপিএলে ফিরছে নিলাম ব্যবস্থা,

(প্রথম পৃষ্টার পর)

ঘোষণা শুনে খেলোয়াড়কে দলে নেয়। দেশি ক্রিকেটারদের পারিশ্রমিক নির্ধারণ করা হয়েছে ছয়টি ক্যাটাগরিতে (এ- এফ), সর্বোচ্চ ভিত্তিমূল্য ৫০ লাখ টাকা এবং সর্বনিম্ন ১১ লাখ টাকা। প্রতি বিডে মূল্য ২০ হাজার থেকে ৫ লাখ টাকা পর্যন্ত বাড়তে পারবে। বিদেশি খেলোয়াড়দের জন্য পাঁচটি ক্যাটাগরি (এ-ই), সর্বোচ্চ ভিত্তিমূল্য ৩৫ হাজার মার্কিন ডলার এবং সর্বনিম্ন ১০ হাজার ডলার। প্রতি বিডে দাম ১ থেকে ৫ হাজার ডলার পর্যন্ত বাড়বে। প্রতিটি দলকে ন্যূনতম ১৩ এবং সর্বোচ্চ ১৬ জন দেশি খেলোয়াড় নিলাম থেকে নেওয়া বাধ্যতামূলক। খরচের সর্বোচ্চ সীমা নির্ধারণ করা হয়েছে ৪ কোটি ৫০ লাখ টাকা। বিদেশিদের জন্য সর্বোচ্চ ব্যয় ৩.৫ লাখ ডলার, যার মধ্যে দুইজন ডিরেক্ট সাইনিংয়ের পারিশ্রমিক অন্তর্ভুক্ত থাকবে। নিলামের আগে প্রতিটি ফ্র্যাঞ্চাইজি দুইজন দেশি ও দুইজন বিদেশি ক্রিকেটারকে সরাসরি দলে নিতে পারবে। একাদশে ন্যূনতম ২ এবং সর্বোচ্চ ৪ জন বিদেশি খেলানো যাবে। চুক্তির সময় খেলোয়াড়দের পারিশ্রমিকের ২৫ শতাংশ প্রদান করতে হবে। বাকি ৫০ শতাংশ লিগ শুরুতে, আর শেষ ২৫ শতাংশ টুর্নামেন্ট শেষের ৩০ দিনের মধ্যে দিতে হবে। নিলামের ২৪ ঘণ্টার মধ্যে দলগুলোকে স্কোয়াড জমা দিতে হবে। নির্বাচিত খেলোয়াড়কে ৪৮ ঘণ্টার মধ্যে ফিটনেস টেস্টে উত্তীর্ণ হতে হবে এবং অনলাইনে নিবন্ধন সম্পন্ন করতে হবে। বিপিএল গভর্নিং কাউন্সিলের আশা, নিলাম ব্যবস্থার ফেরত খেলোয়াড়দের প্রকৃত বাজারমূল্য নির্ধারণ এবং ফ্র্যাঞ্চাইজিগুলোর প্রতিযোগিতা আরও রোমাঞ্চকর করবে।

## মুজিবনগরে বিনামূল্যে বীজ ও সার

(প্রথম পৃষ্টার পর)

কার্যক্রম উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জনাব পলাশ মন্ডল। মুজিবনগর উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মমিন জানান, এ বছরের প্রণোদনা কর্মসূচির আওতায় মোট ৩,০৬০ জন কৃষককে সুবিধা দেওয়া হবে। এর মধ্যে সরিষার বীজ পাচ্ছেন ৯০০ জন, মুসুরির বীজ পাচ্ছেন ৩০০ জন, গমের বীজ পাচ্ছেন ১,৭০০ জন এবং শীতকালীন পেঁয়াজের বীজ পাচ্ছেন ১৬০ জন কৃষক। উপজেলা কৃষি কর্মকর্তা আরও জানান, বীজের পাশাপাশি প্রতিটি চাষিকে ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সারও বিতরণ করা হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, এই উদ্যোগের ফলে কৃষকদের উৎপাদন খরচ কমবে এবং ফসলের উৎপাদন বৃদ্ধি পাবে।

## মুজিবনগরে জামায়াত প্রার্থী

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামী আমির খান জাহান আলী, উপজেলা সেক্রেটারি খাইরুল বাশার, উপজেলা যুব বিভাগের সভাপতি আমির হোসেন এবং বাগোয়ান ইউনিয়ন জামায়াতে ইসলামী সেক্রেটারি হাফিজুল ইসলাম। গণসংযোগে বক্তারা বলেন, ন্যায়, আদর্শ ও মানবকল্যাণভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে জামায়াতে ইসলামী দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছে। জনগণের দোয়া ও সহযোগিতা পেলে দলটি উন্নত ও সুশাসনভিত্তিক সমাজ গড়ে তুলতে সক্ষম হবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন। গণসংযোগ শেষে মাওলানা তাজউদ্দিন খান স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং আসন্ন নির্বাচনে দাঁড়িপাল্লা প্রতীকে ভোট প্রার্থনা করেন।

## সশস্ত্র বাহিনীর বিশেষ ম্যাজিস্ট্রেসি

(প্রথম পৃষ্টার পর)

“জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।” এর আগে, গত ১২ সেপ্টেম্বর থেকে দুই মাসের জন্য একই ধরনের ক্ষমতা দেওয়া হয়েছিল সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের।

২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার বিক্ষোভের মুখে আওয়ামী লীগ সরকারের পতন ঘটে। এরপর ৮ আগস্ট অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়।

দেশের উদ্ভূত আইনশৃঙ্খলা পরিস্থিতি মোকাবিলায় একই বছরের ১৭ সেপ্টেম্বর প্রথমবারের মতো সেনা, নৌ ও বিমানবাহিনীকে বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রদান করা হয়। পরবর্তী সময়ে একাধিকবার সেই ক্ষমতার মেয়াদ বাড়ানো হয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, সশস্ত্র বাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তারা আগামী বছরের ফেব্রুয়ারির শেষ পর্যন্ত আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশেষ ম্যাজিস্ট্রেট হিসেবে ভূমিকা রাখতে পারবেন, যা প্রশাসনিক কাঠামোয় সশস্ত্র বাহিনীর কার্যকর উপস্থিতিকে আরও সুদৃঢ় করবে বলে মনে করা হচ্ছে।

## মেহেরপুরে ‘বাংলা এডিশন’ জেলা

(প্রথম পৃষ্টার পর)

এর নির্দেশে মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পেয়েছেন সাংবাদিক সেলিম রেজা। তিনি মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের রবিউল ইসলামের বড় ছেলে। গতকাল মঙ্গলবার (১১ সেপ্টেম্বর) দুপুরে প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়ে উপস্থিত হয়ে তিনি ‘বাংলা এডিশন’ নিউজ প্রধান মোঃ মাহফুজুর রহমান স্বাক্ষরিত নিয়োগপত্র গ্রহণ করেন। প্রতিনিধি সম্মেলনে উপস্থিত ছিলেন চিফ রিপোর্টার রাকিব জুয়েল, ন্যাশনাল ডেস্ক ও পোর্টাল ইনচার্জ বাদল হোসাইন, ন্যাশনাল ডেস্ক ইনচার্জ (ডিজিটাল) জাহিদ হাসান, বিপণন ও মানবসম্পদ বিভাগের ফজলে রাব্বী পলাশ, ফয়সাল আহমেদ, হেড অব সোশ্যাল মিডিয়া মোঃ রফিকুল ইসলাম (রফিক), চিফ অপারেটিং ইনচার্জ মোঃ খালিদ ওয়ালিদ তানভির, ডেপুটি হেড অব নিউজ আতিক হাসান। এছাড়া প্রতিষ্ঠানটির বিভিন্ন বিভাগের দায়িত্বশীল কর্মকর্তারা অনুষ্ঠানটি অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে নতুন প্রতিনিধিদের হাতে তুলে দেওয়া হয় পরিচয়পত্র, নিয়োগপত্র, বাংলা এডিশনের লোগো সংবলিত বুম এবং উপহার সামগ্রী। নিয়োগপত্র গ্রহণের পর সেলিম রেজা বলেন, “‘বাংলা এডিশন’ এর দায়িত্ব পালনে মেহেরপুর জেলার সকল সংবাদকর্মীসহ সকল শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা আশা করছি।” এদিকে, জেলা ও উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তাঁর এই নতুন দায়িত্ব প্রাপ্তিকে অভিনন্দন জানিয়েছেন।

## অন্তর্বর্তী সরকারের ভূমিকা নিয়ে

(প্রথম পৃষ্টার পর)

জানাতেই এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। বৈঠকে ভার্চুয়ালি সভাপতিত্ব করেন দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, যিনি লন্ডন থেকে যুক্ত ছিলেন। ড. খন্দকার মোশাররফ বলেন, “আমরা স্পষ্ট ভাষায় বলতে চাই– জুলাই জাতীয় সনদে উল্লিখিত বিষয়াদির বাইরে সরকার কোনো সিদ্ধান্ত ঘোষণা করলে সনদে স্বাক্ষরকারী কোনো দলের জন্য তা মান্য করার বাধ্যবাধকতা থাকবে না। সেই ক্ষেত্রে সকল দায়-দায়িত্ব সরকারের উপরই বর্তাবে।”তিনি আরও বলেন, “রাজনৈতিক দলগুলোর সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশনের প্রায় এক বছরের আলোচনার ভিত্তিতে কতিপয় নোট অব ডিসেন্টসহ ঐকমত্যে রচিত জুলাই জাতীয় সনদ গত ১৭ অক্টোবর স্বাক্ষরিত হয়। দেশের সংবিধান ও আইন অনুযায়ী তা বাস্তবায়নে সকল স্বাক্ষরকারী দল অঙ্গীকারবদ্ধ।” বিএনপির এই শীর্ষ নেতা অভিযোগ করেন, সাম্প্রতিক সময়ে অন্তর্বর্তী সরকারের কিছু উপদেষ্টা জুলাই সনদের বাইরে গিয়ে সিদ্ধান্ত নেওয়া বা ঘোষণার বিষয়ে যে বক্তব্য দিচ্ছেন, তা “বিভ্রান্তিকর” এবং “জাতীয় ঐকমত্য উপেক্ষার শামিল।” “এমন বক্তব্য শুধু ঐকমত্যের পরিপন্থিই নয়, বরং রাজনৈতিক স্থিতিশীলতা বিঘ্নিত করতে পারে। আমরা সরকারের প্রতি আহ্বান জানাচ্ছি– সনদে বর্ণিত কাঠামোর বাইরে যেন কোনো সিদ্ধান্ত না নেওয়া হয়।” গত ১৭ অক্টোবর জাতীয় ঐকমত্য কমিশনের আলোচনার ভিত্তিতে ‘জুলাই জাতীয় সনদ’ স্বাক্ষরিত হয়। এতে বিভিন্ন রাজনৈতিক দল অংশ নেয় এবং সংবিধান ও আইনের কাঠামোর মধ্যেই অন্তর্বর্তী সরকারের কার্যক্রম পরিচালনার অঙ্গীকার করা হয়। তবে সম্প্রতি অন্তর্বর্তী সরকারের কয়েকজন উপদেষ্টার বক্তব্যে নতুন নীতিগত সিদ্ধান্ত বা সংস্কারের ইঙ্গিত পাওয়ায় বিএনপি তাতে আপত্তি জানাচ্ছে। সংবাদ সম্মেলনে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, ড. আব্দুল মঈন খান, নজরুল ইসলাম খান, আমির খসরু মাহমুদ চৌধুরী, সালাহউদ্দিন আহমেদ ও মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

## কুষ্টিয়ায় ৬ ব্যবসায়ীর জরিমানা

(শেষ পৃষ্টার পর)

উপজেলার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, জেলিযুক্ত চিংড়ি খেলে পাকস্থলী, কিডনি ও শরীরে নানা জটিলতার সৃষ্টি হতে পারে। তাই জনস্বাস্থ্য রক্ষার জন্য এ ধরনের অনিয়ম বরদাস্ত করা হবে না এবং ভবিষ্যতে আরও কঠোর ব্যবস্থা নেওয়া হবে। অভিযানকালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরাও উপস্থিত ছিলেন।

## সিলেট টেস্টে প্রথম দিনে

(শেষ পৃষ্টার পর)

উইকেট নেন। স্টার্লিং ৬০ রান করে আউট হন, আর হ্যারি ট্যাক্টর ১ রানে এলবিডব্লিউ হয়। মিডল অর্ডারে খেলেন কার্টিস ক্যাম্ফার ও লোরকান টাকার, যারা যথাক্রমে ৪৪ ও ৪১ রান করেন। তবে কোনো ব্যাটসম্যানই ফিফটির গণ্ডি স্পর্শ করতে পারেননি। দিনের শেষ সেশনে আরও দুটি উইকেট নেন তাইজুল ইসলাম ও মেহেদি হাসান মিরাজ, যেখানে মেহেদি ছিলেন দিনের সেরা বোলার, তিন উইকেট নেন মাত্র ৫০ রানে। দিনের খেলা শেষ হওয়ার সময় আয়ারল্যান্ডের হয়ে ব্যারি ম্যাককার্থি অপরাজিত ছিলেন ২১ রানে। বাংলাদেশের বোলারদের কার্যক্রমের ওপর নির্ভর করছে ম্যাচের দ্বিতীয় দিনের উত্তেজনা।

## সালাহউদ্দিন আহমদ

(শেষ পৃষ্টার পর)

সংবিধান গৃহীত হওয়ার পর সেই ধারা বিলুপ্ত হয়েছে। এখন কোনো আদেশ জারি করতে হলে তা আইনানুগ মর্যাদা পেতে পারে না; কেবল প্রজ্ঞাপন আকারে গেজেট প্রকাশ করা সম্ভব।” জুলাই জাতীয় সনদ প্রসঙ্গে তিনি বলেন, বিএনপি এখনো সনদের বাইরে যায়নি এবং সনদের আলোকে শতভাগ একমত অবস্থানে আছে। তবে জাতীয় ঐকমত্য কমিশনের সুপারিশে ‘নোট অব ডিসেন্ট’-এর অংশ বাদ দেওয়ায় প্রশ্ন তোলেন তিনি। তিনি আরও বলেন, “গণভোট বিষয়ে আমরা জাতীয় ঐক্যের স্বার্থে একই দিনে সংসদ নির্বাচনের সঙ্গে গণভোটে জনগণের সম্মতি নেওয়ার প্রস্তাবে একমত হয়েছিলাম। এখন কেউ যদি সনদের বাইরে নতুন ইস্যু তোলে, তার দায় বিএনপির নয়।” গণভোট নিয়ে আলোচনার সুযোগ আছে কি না–এ প্রশ্নে সালাহউদ্দিন আহমদ বলেন, “সরকার যদি আলোচনার আহ্বান জানায়, আমরা আলোচনায় যেতে পারি; তবে রাজপথে নয়।” সংবাদ সম্মেলনে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন, মির্জা আব্বাস, আবদুল মঈন খান, নজরুল ইসলাম খান, আমীর খসরু মাহমুদ চৌধুরী ও মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

## বিশ্বের সবাই ট্রাম্পকে ভয় পায়, আমি পাই না: জেলেনস্কি

সূর্যোদয় প্রতিবেদন

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন, তিনি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ভয় পান না এবং তাদের সম্পর্ক “গঠনমূলক”। মঙ্গলবার (১১ নভেম্বর) প্রকাশিত প্রতিবেদনে আনাদোলু এ তথ্য জানিয়েছে। জেলেনস্কি ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ানকে সাক্ষাৎকারে বলেন, “বিশ্বের সবাই ট্রাম্পকে ভয় পায়, এটাই সত্যি। কিন্তু আমি নই। আমরা আমেরিকার শত্রু নই, আমরা বন্ধু। তাহলে ভয় পাব কেন?” জেলেনস্কি আরও বলেন, গত অক্টোবরে ওয়াশিংটনে ট্রাম্পের সঙ্গে বৈঠক “স্বাভাবিক, ব্যবসায়িক ও গঠনমূলক” ছিল। বৈঠকে ইউক্রেনের প্রতিরক্ষা প্রয়োজন এবং মস্কোর সামরিক সক্ষমতা দুর্বল করার উপায় নিয়ে আলোচনা হয়েছে। তিনি যুক্তরাষ্ট্রের জনগণের গণতান্ত্রিক পছন্দের প্রতি শ্রদ্ধাশীলতার কথাও উল্লেখ করেছেন। জেলেনস্কি বলেন, “যুক্তরাষ্ট্রের সঙ্গে আমাদের সম্পর্ক বহু বছর ধরে গড়ে উঠেছে–কৌশলগত অংশীদারিত্বের ভিত্তিতে, হয়তো কয়েক দশক কিংবা শতাব্দীজুড়ে।” প্রেসিডেন্ট জেলেনস্কি জানান, ইউক্রেন যুক্তরাষ্ট্রের ২৭টি প্যাট্রিয়ট আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা কিনবে। এছাড়া ইউরোপীয় মিত্রদের কাছে নিজস্ব প্রতিরক্ষা ব্যবস্থা ধার দেওয়ার আহ্বানও জানান তিনি। রাশিয়ার সামরিক হামলার প্রসঙ্গে জেলেনস্কি বলেন, “রাশিয়া ইউরোপের বিরুদ্ধে হাইব্রিড যুদ্ধ চালাচ্ছে। যুদ্ধ চলাকালেই মস্কো অন্য কোনো ইউরোপীয় দেশে হামলা চালাতে পারে।” সাম্প্রতিক রুশ হামলায় ইউক্রেনের বিদ্যুৎ অবকাঠামো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। পশ্চিম ইউক্রেনের দুটি পারমাণবিক কেন্দ্রসহ দেশের বিদ্যুৎ উৎপাদন বিপর্যস্ত হয়ে কিছু দিন ধরে বিদ্যুৎ বিচ্ছিন্নতা দেখা দিয়েছে। তবে জেলেনস্কি হাসিমুখে বলেন, “এটাই আমাদের বাস্তবতা। কিয়েভসহ অন্যান্য স্থানে মাঝে মাঝে বিদ্যুৎ আসে-যায়।”

## বাংলাদেশ, পাকিস্তান ও নেপাল সীমান্তে ভারতের সতর্কতা জারি

সূর্যোদয় প্রতিবেদন

সোমবার নয়াদিল্লির লালকেল্লার কাছে ভয়াবহ বিস্ফোরণের পর বাংলাদেশ, পাকিস্তান ও নেপালের সঙ্গে ভারতের সীমান্তে নিরাপত্তা জোরদার করা হয়েছে। বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) পাঞ্জাব সীমান্তে পাকিস্তানের সঙ্গে টহল ও নজরদারি বাড়িয়েছে। একই সঙ্গে উত্তরপ্রদেশ-নেপাল সীমান্তসহ সংবেদনশীল অন্যান্য প্রবেশপথেও নিরাপত্তা ব্যবস্থা কড়াকড়ি করা হয়েছে। সূত্র জানিয়েছে, সীমান্ত অতিক্রমকারী প্রত্যেক ব্যক্তির পরিচয়পত্র ও নথি যাচাই-বাছাই করে ভারতীয় ভূখণ্ডে প্রবেশের অনুমতি দেওয়া হচ্ছে। কুকুর স্কোয়াড, উন্নত স্ক্যানিং যন্ত্র এবং সিসিটিভি ক্যামেরার মাধ্যমে নজরদারি বাড়ানো হয়েছে। বিস্ফোরণের ঘটনায় দিল্লি, কলকাতা, বিহার, মধ্যপ্রদেশ, হায়দরাবাদ, দেরাদুন, হরিয়ানা ও উত্তরপ্রদেশসহ একাধিক শহরে সতর্কতা জারি করা হয়েছে। সোমবার রাত সাড়ে ৭টার দিকে একটি হুন্ডাই আই২০ গাড়ি লালকেল্লা মেট্রো স্টেশনের কাছে বিস্ফোরিত হয়। গাড়িটি হরিয়ানার নাম্বারপ্লেটযুক্ত ছিল। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সাংবাদিকদের বলেন, “আমরা সব দিক থেকে তদন্ত করছি। সন্ত্রাসী হামলার সম্ভাবনা যাচাই করা হচ্ছে, তবে এখনই বিস্ফোরণের সঠিক কারণ জানা সম্ভব নয়।